তারিখ ... 10 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

সংবাদ

# ৪৮ দিনের ছুটির ফাঁদে ইসলামী বিশ্ববিদ্যালয়

প্রতিনিধি, ইসলামী বিশ্ববিদ্যালয়

দীর্ঘ ৪৮ দিনের ছুটিতে যাচ্ছে ইসলামী বিশ্ববিদ্যালয়। আগামী পহেলা জুন
থেকে গ্রীষ্মকালীন, পবিত্র রমজান, পবিত্র শবে কদর ও ঈদুল ফিতর উপলক্ষে
দীর্ঘ ৪৮ দিনের ছুটি শুরু হচ্ছে। এ সময় আবাসিক হলসমূহ বন্ধ থাকবে। ৩
জুন সকাল ১০টার মধ্যে হল শিক্ষার্থীদের হল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে।
রেজিস্ট্রার অফিস সূত্রে জানা যায়, আগামী ১ জুলাই থেকে গ্রীষ্মকালীন, পবিত্র
রমজান, পবিত্র শবে কদর ও ঈদুল ফিতর উপলক্ষে ১৮ জুলাই পর্যন্ত
ক্লাসসমূহ বন্ধ থাকবে। 'গ্রীষ্মকালীন ছুটি উপলক্ষে আগামী ৪ জুন থেকে ১১
জুন পর্যন্ত অফিসসমূহ বন্ধ থাকবে। গ্রীষ্মকালীন ছুটি শেষে আগামী ১২ জুলাই
অফিস খুলবে। রমজানে সকাল ৯টা থেকে দুপুর ২.৩০ মিনিট পর্যন্ত অফিস
খোলা থাকবে। সকল ছুটি শেষে আগামী ১৮ জুলাই থেকে যথানিয়মে
ক্লাসসমূহ শুরু হবে। অফিস চলাকালীন বিভাগ চাইলে পরীক্ষা নিতে পারবে
বলে জানা গেছে। আগামী ৩ জুন সকাল ১০ টার মধ্য শিক্ষার্থীদের হল ছাড়ার
নির্দেশ দিয়েছে কর্তৃপক্ষ। এদিকে ক্লাস বন্ধ থাকা আবস্থায় পরীক্ষা হওয়া নিয়ে
সংশয়ে আছেন বিভিন্ন বিভাগের শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অফিস
চলাকালীন বিভাগের পরীক্ষা নেয়ার অনুমতি দিলেও পূর্ব ঘোষিত পরীক্ষাসমূহ
হবে কিনা তা খোলসা করে বলছে না বিভাগের শিক্ষকরা। পরীক্ষা হলেও
আবাসিক হল বন্ধ অবস্থায় আবাসিক শিক্ষার্থীরা কোথায় অবস্থান করে পরীক্ষা
দিবে তা নিয়ে দুশ্চিন্তার শেষ নেই শিক্ষার্থীদের।
এ বিষয়ে ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগের কয়েকজন শিক্ষার্থী
বলেন, 'আমাদের তৃতীয় সেমিস্টার ফাইনাল পরীক্ষা চলছে। শুনেছি আগামী
১ জুন থেকে ক্যাম্পাস বন্ধ হয়ে যাবে। বন্ধে আমাদের পরীক্ষা হবে কিনা
স্যারেরা এখনো সিদ্ধান্ত জানায়নি। হল বন্ধ অবস্থায় পরীক্ষা দেয়াটা কঠিন
আবার এখন পরীক্ষা না নিলে আমাদের বড় ধরনের সেশনজটে পড়তে হবে।"
প্রভোস্ট কাউন্সিলের সভাপতি প্রফেসর ড. ইকবাল হোসাইন বলেন, ৩ জুন
থেকে আবাসিক হলসমূহ বন্ধ হচ্ছে। ওই দিন সকাল ১০টার মধ্যে
শিক্ষার্থীদের হল ত্যাগের নির্দেশ দেয়া হয়েছে। আগামী ১৭ জুলাই সকাল
১০টায় হল খুলে দেয়া বলে জানান তিনি।' উপাচার্য অধ্যাপক ড. আবদুল
হাকিম সরকার বলেন, ক্যাম্পাসের নিরাপত্তাসহ সার্বিক বিষয় বিবেচনা করে
হল বন্ধ রাখার সিদ্ধান্ত হয়েছে। তবে বিভাগ চাইলে অফিস চলাকালীন সময়ে
শুধু পরীক্ষা নিতে পারবে।